



জাতীয় পতাকায় মোড়ানো গাড়িতে গুলশানে খালেদা জিয়ার মরদেহ



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মরদেহবাহী গাড়ি বুধবার সকালে রাজধানীর গুলশানে পৌঁছায়। লাল-সবুজ জাতীয় পতাকায় আচ্ছাদিত গাড়িটি সকাল ৯টার কিছু আগে এভারকেয়ার হাসপাতাল থেকে বের হয়ে গুলশানের ১৯৬ নম্বর বাসভবনে পৌঁছে। খালেদা জিয়ার মরদেহ তার দীর্ঘদিনের বাসস্থান ‘ফিরোজা’য় নেওয়ার কথা থাকলেও পরবর্তীতে সিদ্ধান্ত পরিবর্তন করা হয়। পরিবর্তিত সিদ্ধান্ত অনুযায়ী মরদেহ তারেক রহমানের গুলশানের বাসায় নেওয়া হয়। সেখানে বিএনপির শীর্ষ নেতাকর্মী, স্বজন ও ঘনিষ্ঠরা তাকে শেষবারের মতো শ্রদ্ধা জানানোর সুযোগ পাচ্ছেন। পরে দুপুর ২টায় জাতীয় সংসদ ভবন সংলগ্ন মাঠ ও মানিক মিয়া অ্যাভিনিউ এলাকায় তার নামাজে জানাজা অনুষ্ঠিত হবে। জানাজা পড়াবেন জাতীয় মসজিদের খতিব। জানাজা শেষে বিকেল সাড়ে ৩টার দিকে রাষ্ট্রীয় মর্যাদায় তার দাফন সম্পন্ন করা হবে। তাকে প্রয়াত রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমানের কবরের পাশে সমাহিত করা হবে। রাষ্ট্রীয় প্রটোকলের কারণে দাফন অনুষ্ঠানে সাধারণ মানুষের প্রবেশ সীমিত থাকবে। একই সঙ্গে নিরাপত্তা নিশ্চিত করতে জানাজা ও দাফনস্থলে কোনো ব্যাগ কিংবা ভারী সামগ্রী বহন না করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে।